আগস্ট/২০১৮

প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শি আননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্তপ্রতিবেদন

বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহেরর বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
০১.	জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে।	১৮/১০/২০১৬ খ্রি.	বিসিক	জেলাভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনার আলোকে বেসরকারি খাতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের লক্ষ্যে বিসিকের ৪টি আঞ্চলিক কার্যালয় জেলা পর্যায়ে৬৪টি শিল্প সহায়ক কেন্দ্র এবং ৭৬টি শিল্পনগরীর কার্যক্রমভুক্ত করে উদ্যোক্তাদেরকে শিল্প স্থাপনে উৎসাহিত করার কার্যক্রম চলমান রয়েছে। ফলশ্রুতিতে জুলাই ২০১৭ হতে জুন ২০১৮ পর্যন্ত বেসরকারি খাতে২১৮৭ টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন করা হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত বেসরকারি খাতে৯.৭৯ লক্ষ ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন করা হয়েছে, যার ফলে ৩৮.১০ লক্ষ জনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। নতুন করে স্থানীয় কাঁচামাল ও প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে জেলায় কি ধরণের শিল্প কারখানা স্থাপিত হতে পারে সে বিষয়ে জেলা সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়নের পরিকল্পনা রয়েছে। অগ্রগতির হার ১০০%।	বাস্তবায়নাধীন		
০২.	ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে।	০৬/০৯/২০১৬ খ্রি.	বিসিক	ভবিষ্যতে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক জায়গা বরাদ্দ নিয়ে শিল্পনগরী প্রতিষ্ঠা করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে শিল্প মন্ত্রণালয়, বিসিক এবং বেজার সমন্বয়ে গত ১৩/০৩/২০১৮ তারিখে ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীর আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া বিসিকের শিল্পনগরী স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের(বেজা) নির্ধারিত ট্যারিফের চেয়ে কম ট্যারিফ নির্ধারণের জন্য শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে একটি ডিও লেটার বেজা বরাবর প্রেরণের জন্য গত ১৫/০৪/২০১৮ তারিখে শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে বিসিক হতে পত্র প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়নাধীন		
০৩.	ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে।	১১/০৫/২০১৬ খ্রি.	বিসিক	মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে গঠিত সম্ভাব্যতা যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তুতকৃত ছকে সংশ্লিষ্ট এলাকা থেকে তথ্য পাওয়া গেছে। কমিটি কর্তৃক সম্ভাব্যতা যাচাইয়ের জন্য মাঠ পরিদর্শনপূর্বকপ্রস্তাবিত সম্ভাব্যতা যাচাই সমীক্ষা প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়নের কাজ হাতে নেয়া হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দবিহীনভাবে সবুজ পাতায় নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্তির জন্য 'আনারস প্রক্রিয়াজাতকরণ মধুপুর, টাঙ্গাইল' শীর্ষক প্রকল্পটির নাম প্রস্তাব করা হলেও তা বরাদ্দবিহীনভাবে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়নি। সংশ্লিষ্ট এলাকায় বিদ্যমান বা সম্প্রসারিত শিল্পনগরীতে এ ধরণের শিল্পকে অগ্রাধিকারভিত্তিতে প্লট দেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
০৪.	ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয় পদ্ধতি অনুসরণ করতে হবে।	০৮/১২/২০১৫ খ্রি.	-	শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট নয় বিধায় বাস্তবায়নাধীন তালিকা হতে বাদ দেয়ার জন্য ৩৬.০০.০০০০.০৫১.১৬.০০১.১৬.২৪৫ নম্বর স্মারকে গত ১৯/৯/২০১৭ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া, নির্দেশনাটি অর্থ মন্ত্রণালয় সংশ্লিষ্ট হওয়ায় নির্দেশনাটি বাস্তবায়নপূর্বক প্রতিমাসে বাস্তবায়ন অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য অর্থ মন্ত্রণালয় গত ১৪/৫/২০১৮ খ্রি. তারিখের ৩৬.০০.০০০০.০৫১.০৬.০০৮.১৭.১৮৪ নম্বর পত্র প্রেরণ করা হয়েছে এবং পত্রের অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।			
০৫.	প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/পুকুর/লেক/খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়।	০১/১২/২০১৫ খ্রি.	বিসিক	জমির আকৃতির সঙ্গে সঙ্গতি রেখে বিসিকের শিল্পনগরীতে শিল্প কারখানার ডিজাইন করা হয়ে থাকে। কারখানার ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে জলাধার ভরাট না করা এবং নতুন ডিপিপিতে জলাধারসহ বিসিক শিল্পনগরী স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে। ইতোমধ্যে নতুন শিল্পনগরীর পরিকল্পনায় জলাধার অন্তর্ভুক্ত করা হচ্ছে এবং তা অব্যাহত রাখা হবে। অগ্রগতির হার ১০০%।	বাস্তবায়নাধীন		
০৬.	"দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"	০৫/৩/২০১৮ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত।	শিল্প মন্ত্রণালয়/ বিসিক	বিসিকের ৪টি আঞ্চলিক কার্যালয়, জেলা পর্যায়ের ৬৪টি শিল্প সহায়ক কেন্দ্রের মাধ্যমে অধিক সংখ্যায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। জুলাই ২০১৭ হতে জুন ২০১৮ পর্যন্ত বেসরকারি খাতে ২১৮৭টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন করা হয়েছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের ফলে অধিক সংখ্যক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে।			
০৭.	যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে।	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৮/০৯/২০১৪ খ্রি. ভূমি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা।	বিসিক/বিএসইসি	**বিসিক :** মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য বিসিকের সবগুলো শিল্প সহায়ক কেন্দ্রে বিসিকের পরিকল্পনা বিভাগ হতে গত ১৪/০৬/২০১৮ তারিখে পত্র দেয়া হয়। ইতোমধ্যে দিনাজপুর জেলা সদর হতে উত্তরে ১০ মাইল দূরত্বে দিনাজপুর ঠাকুরগাঁও ও সৈয়দপুর মহাসড়কের সংযোগস্থলে দশ মাইল স্থানে ৫০ একর অনাবাদি অনুর্বর জমির তথ্যসন্ধান পাওয়া গিয়েছে। সম্ভাব্যতা প্রতিবেদন সম্পাদন করে ডিপিপি প্রণয়নের বিষয়ে ব্যবস্থা নেয়া হবে। **বিএসইসি :** বগুড়া জেলার ছয়পুকুরিয়া মৌজারয় বিএসইসি-এর ১৫.৪২ একর জায়গায় কৃষি-যন্ত্রপাতি উৎপাদনের নিমিত্ত প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে একটি পাওয়ার টিলার সংযোজন/প্রস্তুত কারখানা স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। বর্তমানে প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস অন্বেষণ করা হচ্ছে। এতদবিষয়ে গত ৯/১১/২০১৭ তারিখে হোন্ডা মোটর কোম্পানী লিঃ জাপান ও জাইকা-কে পত্র প্রেরণ করা হয়। এতদসংক্রান্ত বিষয়ে একটি ব্যবসায়িক প্রস্তাব বিএসইসিকে প্রেরণ করবে বলে হোন্ডা মটরস কোম্পানী সভাকে অবহিত করে। প্রকল্পটির সম্ভাব্যতা			

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দে শন	নির্দে শনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দে শনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দে শনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দে শনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				সমীক্ষার নিমিত্ত শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পত্র প্রেরণপূর্ব ক যোগাযোগ করা হচ্ছে।			
০৮.	শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্ম সংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	বিসিক/বিএসইসি	**বিসিক :** শ্রমঘন শিল্পের বিকাশে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করা এবং অধিক সংখ্যক কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে বিসিক হতে সকল পরিকল্পনা গ্রহণের পূর্বে সম্ভাবনার আলোকে দীর্ঘ মেয়াদি চাহিদা বিবেচনায় রেখে পরিকল্পনা গ্রহণ করা হয়। অধিক সংখ্যক কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরে জুন'১৮ পর্য ন্ত৬৮৮৫ জনকে দক্ষতা উন্নয়ন ও ১১১৯৯ জনকে ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জুন'১৮ পর্য ন্ত৬১৯৭২ জনের কর্ম সংস্থান হয়েছে। **বিএসইসি :** বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ আধুনিকায়ন ও সম্প্রসারণের জন্য নিম্নোক্ত উদ্যোগ নেয়া হয়েছে : (ক) ইস্টার্ন টিউবস লিঃ এ এলইডি লাইট (সিকেডি) সংযোজন প্ল্যান্ট স্থাপন প্রকল্পের ভবন নির্ম াণের কাজ চলছে (খ) "গাজী ওয়্যারস লি.-কে শক্তিশালী ও আধুনিকিকরণ" প্রকল্পটি পরিকল্পনা কমিশনে গত ৬/১২/১৭ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় আলোচনা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্য ক্রমগ্রহণ করা হচ্ছে। (গ) প্রগতি ইন্ডাস্ট্রিজ লি.-এর ঢাকার তেজগাঁস্থ জায়গায় একটি ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট সার্ভি স সেন্টার ও বাণিজ্যিক ভবন নিজস্ব অর্থ ায়নে নির্ম াণের উদ্যোগ নেয়া হয়েছে। প্লটটি বাণিজ্যিক প্লটে রূপান্তরের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে আবেদনের প্রেক্ষিতে বাণিজ্যিক প্লটে রুপান্তরের অনুমতি পাওয়া গেছে। প্রগতি টাওয়ার নির্ম ানপ্রকল্পের কাজ চলমান আছে। (ঘ) জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানি লি.-এর পণ্যের বহুমুখীকরণ তথা প্রতিষ্ঠানটির ব্যবসায়িক সম্প্রসারণ সুরক্ষার জন্য বিদ্যুতের সিংগেল ও থ্রিফেজ স্মার্ট প্রিপেইড মিটার প্রস্তুত/ সংযোজনের লক্ষ্যে গত ১৮/০১/২০১৮ তারিখে কনফিডেন্টস ইলেক্ট্রোম্যাট লিমিটেড-এর সাথে এমওইউ স্বাক্ষরিত হয়েছে। (ঙ) বগুড়া জেলার ছয়পুকুরিয়া মৌজায় বিএসইসি-এর অনুকূলে অধিগ্রহণকৃত ১৫.৪২ একর জমিতে একটি পাওয়ার টিলার প্রস্তুত কারখানা স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।	চলমান প্রক্রিয়া		
০৯.	নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে	২৪/০৮/২০১৪ খ্রি.	বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি	**বিসিআইসি :** বিসিআইসি'র আওতাভুক্ত ১৩টি শিল্প প্রতিষ্ঠানসমূহের ৭টি তে In-Built ETP বিদ্যমান। এছাড়া সংস্থাধীন বিআইএসএফ, ইউজিএসএফ ও সিসিসি কারখানাগুলোতে তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই। টিএসপি	চলমান প্রক্রিয়া		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
	সরকারি কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে।			কমপ্লেক্স লিঃ কারখানা হতে নির্গত তরল বর্জ্য কারখানায় চালু Effluent treatment pit এর মাধ্যমে Neutralization করার ব্যবস্থা রয়েছে এবং পূর্নাঙ্গ ETP স্থাপনের কাজ প্রক্রিয়াধীন। পরিবেশ অধিদপ্তরের চাহিদা অনুযায়ী টিএসপিসিএল এর জন্য জিরো ডিসচার্জ প্লান তৈরীর উদ্দেশে Ion Exchange Environment Management (BD) Ltd. নামক প্রতিষ্ঠানের সাথে কারখানায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী কারখানার বিভিন্ন প্ল্যান্ট হতে নির্গত তরল বর্জ্যের নমুনা বিশ্লেষনের জন্য গত ২৮/০৫/২০১৮ইং তারিখে Ion Exchange গবেষনাগারে প্রেরণ করা হয়েছে বলে কারখানা কর্তৃপক্ষ জানিয়েছেন। কেপিএম লি.-এ MOU এর আওতায় ও ছাতক সিমেন্ট কোঃ লি. এ উন্নয়ন প্রকল্পের আওতায় ETP স্থাপনের কার্য ক্রমগ্রহণ করা হবে। **বিএসএফআইসি :** পরিবেশ দূষণ রোধকল্পে প্রতিটি শিল্প কারখানার সাথে ইটিপি স্থাপনের সরকারি নির্দেশনাঅনুযায়ী বিএসএফআইসি’র আওতাধীন ১৪ টি চিনিকলে জিওবি অর্থায়নে ইটিপি স্থাপনের জন্য ০১-০১-২০১৮ হতে ৩০/০৬/২০২০ পর্যন্ত মেয়াদে ৮৫১০.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২২/০৫/২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। **বিসিক :** নতুন শিল্প-কারখানায় শুরু থেকেই বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) স্থাপনের লক্ষ্যে বিসিকের সকল শিল্পনগরী ও জেলা কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিসিকের মোট ৭৬টি শিল্পনগরীর ইটিপিযোগ্য ১৩৮টি শিল্প ইউনিটের মধ্যে এ পর্যন্ত ৮২টি শিল্প ইউনিটে ইটিপি স্থাপন করা হয়েছে। বর্তমানে ৬টি ইটিপি নির্মাণাধীন। অবশিষ্ট শিল্প ইউনিটে ইটিপি স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন। অগ্রগতির হার৫৯.৪২%।			
১০.	নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলা শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিষ্ক্রান্তের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	সকল দপ্তর/সংস্থা	**বিসিক :** নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের নিমিত্তে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে গত ০২/১১/২০১৪ তারিখে বিসিক চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরে টিওআরসহ পরিকল্পনা বিভাগ থেকে পত্র দেয়া হয়েছে। তদানুযায়ী কোনো প্রস্তাব না পাওয়ায় পরবর্তীতে এ বিষয়ে গত ১৮/০৬/২০১৫ তারিখে ৬২টি জেলার জেলা প্রশাসক বরাবর পুনরায় পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ১০টি জেলাসমূহ হতে সম্ভাব্যতা যাচাই কমিটি গঠনের পত্র পাওয়া গেছে।	বাস্তবায়নাধীন		
১১.	বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃপ্রক্রিয়াজাত করণ শিল্প গড়ে তোলা এবং পায়রা বন্দরের	২৪/০৮/২০১৪ খ্রি.	শিল্প মন্ত্রণালয়	প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বর্ণিত নির্দেশনাটি ইতোপূর্বে প্রদর্শিত প্রতিশ্রুতি উল্লেখ রয়েছে বিধায় বিষয়টি নির্দেশনার তালিকা হতে বাদ দেয়া বিষয়েগত ২৪/৭/২০১৮ খ্রি. তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়েপত্র প্রেরণ করা হয়।	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
	নিকট ড্রাই ডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।						
১২.	শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানী সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায় পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি	**শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের আওতাভুক্ত নয়।** শাহজালাল ফার্টিলাইজার ফ্যাক্টরীতে জালালবাদ টিএন্ডটি সিস্টেম লি. কর্তৃক সঠিক সময়ে পর্যাপ্ত গ্যাস সরবরাহ নিশ্চিত করায় এবং গণপ্রজাতন্ত্রী চীন সরকারের সঙ্গে সহজ শর্তে ঋণ চুক্তি সম্পাদন হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। বিসিআইসি'র অধীনস্থ বিদ্যমান পুরাতন সার কারখানা প্রতিস্থাপনের মাধ্যমে আধুনিক প্রযুক্তি নির্ভর, শক্তি সাশ্রয়ী, পরিবেশ বান্ধব সার কারখানা স্থাপনের কাজ চলছে। ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজারপ্রকল্প Tender Document মূল্যায়ন শেষে বিসিআইসি কর্তৃক প্রেরিত মূল্যায়ন রিপোর্ট শিল্প মন্ত্রণালয়ে অনুমোদনপূর্বক মোতাবেক পরবর্তী কার্যক্রম চলছে।	বাস্তবায়নাধীন		
১৩.	বিসিক শিল্প নগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী উন্নয়নকল্পে পর্যাপ্তবাজেট সংস্থান রাখতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	বিসিক	চট্রগাম বিভাগে ০১টি এবং খুলনা বিভাগে ০১টি প্লট বরাদ্দ বাতিল করা হয়েছে। বর্ণিত ২টি প্লটসহ অবশিষ্ট খালি প্লট নতুন উদ্যোক্তাদের মধ্যে বরাদ্দ দেয়ার প্রক্রিয়ায় আছে। অর্থের সংস্থান থাকা সাপেক্ষেশিল্পনগরীর উন্নয়নকল্পে অর্থ বরাদ্দ করা হয়ে থাকে। সেমতে ২০১৭-১৮ অর্থবছরে শিল্পনগরীর উন্নয়নকল্পে ১৮ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে।	বাস্তবায়নাধীন		
১৪.	দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	বিটাক/বিআইএম	**বিটাক :** বিটাক আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও কারিগরি পরামর্শের পাশাপাশি ঢাকা কেন্দ্রসহ বিটাকের মোট ৫টি কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হয়ে আসছে। গত ১০/০৭/২০১৭ তারিখ পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত সভায় ৮(আট) তলা বিশিস্ট ভবনের স্থলে ৫(পাঁচ) তলা হোস্টেল ভবন নির্মাণের নির্দেশনা দেয়া হয় তৎপ্রেক্ষিতে স্থাপত্য অধিদপ্তর হতে গত ৩১/১২/২০১৭ তারিখে লিফট বিহীন ৫(পাঁচ) তলা ভবন নির্মাণেরপুন: নকশা পাওয়া যায় এবং গণপূর্ত বিভাগকে প্রাক্কলিত মূল্য নির্ধানের জন্য১৫/০১/২০১৮ তারিখে পত্র দেয়া হয়। পরবর্তীতে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশন কর্তৃক "বিটাক, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন" শীর্ষক প্রকল্পে ডিপিপি অনুমোদিত হয়। দ্বিতীয় পর্যায়ে অবশিষ্ট৩টি বিভাগে যথাঃ (ক) বরিশাল ও রংপুর গণপূর্ত বিভাগ হতে স্থাপত্য অধিদপ্তরকে ডিজিটাল নকশা দেয়া হয়েছে। (খ) সিলেট, জেলার সদর উপজেলাধীন হযরত শাহ পরান বাইপাস সড়ক এর পাশ্বে খিদিরপুর মৌজায় শীঘ্রই ৩ (তিন) একর ভূমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ করা হবে বলে আশা করা যায়।	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				গ) ময়মনসিংহ বিভাগে জামালপুর জেলায় আরেকটি আঞ্চলিক কেন্দ্র স্থাপনের অনুমোদনের জন্য বিটাক কর্তৃক শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। **বিআইএম :** (ক) প্রশিক্ষণ কেন্দ্রগুলো বিকেন্দ্রিকরণের লক্ষ্যে চট্টগ্রাম ও খুলনায় প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। (খ) অন-লাইন প্রশিক্ষণ চালুর লক্ষ্যে ঢাকাস্থ বিআইএম-কে শক্তিশালীকরণ প্রকল্পটি গত ০৩/৪/২০১৮ খ্রি. তারিখ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। (গ) বিভাগীয় পর্যায়ে বিআইএম এর নতুন কেন্দ্র স্থাপনের প্রকল্প যাচাই কমিটির মিটিং এর সুপারিশের আলোকে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কাজ চলছে।			
১৫.	রাষ্ট্রায়ত্ব শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি-বিদেশি বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	সকল দপ্তর/সংস্থা	শিল্প পার্ক তৈরীর বিষয়ে বিসিআইসি'র আপাতত পরিকল্পনা নেই। তবে নিম্ন বর্ণিত পদক্ষেপ সমূহ গ্রহণ করা হয়েছেঃ ১। কর্ণফুলী রেয়ন কমপ্লেক্স এর স্থলে নতুন কারখানা স্থাপনের লক্ষ্যে বিসিআইসি এবং M/S Saudi Salwa Company(SSC), KSA এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক এর মেয়াদ ২৩/১১/২০১৮খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'সীতাকুন্ড গ্লাস শীট প্রকল্প' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণ করার লক্ষ্যে বুয়েটের মাধ্যমে সম্পাদিত Techno-Economic Feasibility Study কার্যক্রম সম্পন্ন হয়েছে। বুয়েট উক্ত প্রকল্পের Techno-Economic Feasibility Study Report টি গত ০৬-০৮-২০১৮ খ্রি. তারিখে বিসিআইসি'তে প্রেরণ করেছে। উক্ত রিপোর্টের উপর ভিত্তি করে প্রকল্পের ডিপিপি প্রণয়ন কাজ শেষ হয়েছে। ৩। সুনামগঞ্জ জেলার তাহিরপুরের টেকেরঘাট এলাকায় পিপিপি এর আওতায় প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হচ্ছে। ৪। ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করেছে। তবে উল্লেখ্য যে, ভূমি মন্ত্রণালয় থেকে ০১-০৪-২০১৮ খ্রি. তারিখের পত্র মারফত ডিএলসিএল এর দখলে থাকা ১৮.০০ একর ভূমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়াল ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশনাবলীর ৭৫ অনুচ্ছেদের (গ হতে জ) আলোকে ডিএলসি-এর অনুকূলে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা কে পত্র প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, অচিরেই উক্ত জমি ঢাকা লেদার কো. লি. এর নামে নিবন্ধিত হলে পিপিপি মডেলে /যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপন	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				করা সম্ভব হবে। ৫। নর্থ বেংগল পেপার মিলস্ লিঃ গত ০৯/১০/২০১৭খ্রি. তারিখে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক Techno-Economic Feasibility Study সম্পাদনের নিমিত্ত বুয়েটের প্রস্তাব যাচাই বাছাই করে ০৩ (তিন) টি সম্ভাব্য প্রকল্পের Pre-Feasibility Study সম্পাদনের জন্য গত ১৬/০৪/২০১৮খ্রি. তারিখে বুয়েট বরাবর পত্র প্রেরণ করা হয়। কমিটি বুয়েট কর্তৃক প্রেরিত কোটেশন মূল্যায়ন করে গত ০১/০৭/২০১৮খ্রি. তারিখে প্রতিবেদন পেশ করে। উক্ত প্রতিবেদনের আলোকে তিনটি প্রকল্পের Pre-Feasibility Study সম্পাদনের লক্ষ্যে বুয়েটকে কার্যাদেশ প্রদানের জন্য গত১৬/০৭/২০১৮খ্রি. তারিখে সংস্থার চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হয়েছে।			
১৬.	কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	ডিপিডিটি	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একিভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান ও প্রশাসনিক কাঠামো বিন্যাসে সংযুক্ত ডাটাবেইজ ও সফটওয়্যার ভিত্তিক সমন্বিত অটোমেশনের মাধ্যমে সেবা প্রদান পদ্ধতি প্রবর্তন সংক্রান্ত জটিলতা নিরসন ও কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য ০২/৩/২০১৬ তারিখে ডিপিডিটি ও কপিরাইট অফিসের যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডিপিডিটি ও কপিরাইট অফিসের পৃথক সফটওয়্যার হবে। তবে উভয় অফিস থেকে তিনজন করে কর্মকর্তাকে এ্যাডমিন এক্সেস দেয়া হবে যাতে পারস্পরিক সম্পর্কে উভয় অফিস অবহিত থাকতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে কপিরাইট রেজিস্ট্রেশন অনলাইনে সম্পাদনের জন্য A2i এর সহযোগিতায় প্রকল্প গ্রহণ করে এবং কার্যক্রম চলমান আছে। Linked Database along with Software based Automation স্থাপনের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বিরা ও বেখা)-কে আহবায়ক এবং রেজিস্ট্রার, কপিরাইট অফিসকে সদস্য-সচিব করে ডিপিডিটি ও কপিরাইট অফিসের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সর্বশেষ সভা১৫/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (উন্নয়ন ও গবেষণা)-কে আহবায়ক করে কমিটি পুনর্গঠন করা হয়েছে। অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।	বাস্তবায়নাধীন		
১৭.	শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদেরনিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ	২৪/০৮/২০১৪ খ্রি.	সকল দপ্তর/সংস্থা	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিএসটিআই এর প্রারম্ভিক ০৩টি পদ যথা: পরীক্ষক (৫৯টি), ফিল্ড অফিসার (৬৮টি), পরিদর্শক (৬৫টি) পদের	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
	গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে।			পদমর্যাদা ও বেতন স্কেল প্রথম শ্রেণিতে উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়। ইতঃমধ্যে এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। বর্তমানে বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের রাষ্ট্রায়াত্ত উইং এর অনুমোদন পাওয়া গেছে। বাস্তবায়ন উইং এর অনুমোদনের অপেক্ষায় আছে।			
১৮.	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।	২৪/০৮/২০১৪ খ্রি.	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/ বিসিক/বিএসইসি / বিএসএফআইসি	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধির জন্য শিল্প পণ্যের মানোন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম গ্রহণের জন্য কিছু বিশেষজ্ঞ সমন্বয়েএ মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়। কমিটির একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। দপ্তর/সংস্থা হতে গবেষণা প্রস্তাব পাওয়া গিয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলছে। এছাড়া, দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো: **বিসিআইসি :** **১। বিআইএসএফ লি. এ স্বয়ংক্রীয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ।** এই প্রক্রিয়ায় কারখানায় উৎপাদিত স্যানিটারীওয়্যারের মান উন্নয়নের ব্যাটারি কাস্টিং ও অটো গ্লেজিংসহ আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য বিআইএসএফলিঃ এর মূলধনী খাতে স্বল্পমেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ১৭টি মেশিনারিজের মধ্যে ৬টি সরবরাহ পাওয়া গেছে। উল্লেখ্য, বিগত ২৬/০৮/২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত "জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ" সভায় বিআইএসএফ অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্তের প্রেক্ষিতে স্বল্পমেয়াদী পূনর্বাসনকর্মসূচীর আওতায় ক্রয়তব্যঅবশিষ্ট ১১টি মেশিনারিজ ক্রয়ের ব্যাপারে বিআইএসএফ এর কোন পরিকল্পনা না থাকলেও কারখানার জরুরী প্রয়োজনে উক্ত ১১টি মেশিনারিজের মধ্যে Universal Testing Machine এর ক্রয়ের কার্যক্রমসম্পন্ন হয়েছে। গত ০৬/০৬/২০১৮ তারিখে মেশিনারিজটি কারখানায় পৌছানো হয়েছে। Installation এবং Commissioning এর অপেক্ষায় আছে। এ পর্যন্তকাজ সম্পন্ন প্রায় ৪১%। **২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ।** কেপিএম লিঃ এর পেপারের মান উন্নয়নে এতদসংশ্লিষ্ট কিছু যন্ত্রপাতি সংগ্রহ করে প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন। কারখানার আর্থিক সংকটের কারণে এগিয়ে নেয়া সম্ভব হচ্ছে না বলে কেপিএম লিঃ কর্তৃপক্ষ ২৭/০৭/২০১৭ তারিখের পত্রে জানানো হয়। উল্লেখ্যে যে, কেপিএম লিঃ এর পাশে অবস্থিত কেআরসি প্রাঙ্গানে দৈনিক ২০০ মে.টন ক্ষমতাসম্পন্ন একটি আধুনিক নতুন পেপার মিল স্থাপনের জন্য গত ২৪/০৫/২০১৭ তারিখে বিসিআইসি এবং M/S Saudi Salwa Company (SSC), KSA এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত পেপার মিলটি স্থাপিত হলে রপ্তানী যোগ্য কাগজ উৎপাদন সম্ভব হবে। গত ১৪/০১/২০১৮ তারিখে উক্ত সৌদি	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দে শন	নির্দে শনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দে শনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দে শনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দে শনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				প্রতিষ্ঠানের সাথে MOU এর মেয়াদ চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ১৮ মাস করা হয়। বিসিআইসি'র কারখানাসমূহে উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে উদ্বৃত থাকে না বিধায় রপ্তানি করা হয় না। **বিসিক :** ক্ষুদ্র ও কুটির শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর বিসিকের বিপণন বিভাগ কর্তৃক বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলাসমূহে অংশগ্রহণ করা হয়ে থাকে। এ প্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরে বিসিক কর্তৃক ২টি বৈদেশিক মেলায় অংশগ্রহণ করা হয়। **বিএসইসি :** বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে গবেষণা ও উন্নয়ন সেল গঠনের মাধ্যমে একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করে রপ্তানিযোগ্য পণ্য চিহ্নিতকরণ ও উৎপাদনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হয়েছে। সকল শিল্প প্রতিষ্ঠানসমূহে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দে শনা দেয়া হয়েছে এবং শিল্প প্রতিষ্ঠানসমূহে তা বাস্তবায়নের কাজও শুরু হয়েছে। ইস্টার্ন কেবলস লিঃ-এ পরীক্ষামূলকভাবে পূনরায় ১ কিলোমিটার XLPE ক্যাবল উৎপাদন করা হলে আউটার সারফেজ মসৃন না হওয়ায় মেশিন পত্র সংস্কার করে উৎপাদন শুরু করা হবে। **বিএসএফআইসি :** কেরু এন্ড কোং(বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণের হার হ্রাস পাওয়ার কারন খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানীর লক্ষ্যে গবেষণা কার্য ক্রমের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগের বিশেষজ্ঞ সরেজমিনে পরিরিদর্শ নপূর্ব ক প্রতিবেদন দাখিল করেন। গবেষণা কার্য ক্রমসম্পন্নকরণের ব্যয়নির্ব াহের বিষয়েমাইক্রোবায়োলজী বিভাগের সাথে ঐকমত্য না হওয়ায় বিষয়টি বিলম্বিত হয়। পুনরায় যোগাযোগ করা হলে তিনি অনীহা প্রকাশ করেন। অতপর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী বিভাগের বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ করার জন্য কেরু অ্যান্ড কোং(বিডি) লি. বরাবর পত্র প্রদান করা হয়েছে।			
১৯.	শিল্পের মালিকানা সরকারি, বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে।		শিল্প মন্ত্রণালয়		বাস্তবায়িত		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
২০.	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা।	গত ২০/০৭/২০১৪ তারিখ কৃষি মন্ত্রণালয় পরিদর্শন কালে প্রদত্ত নির্দেশনা।	বিএসএফআইসি	ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন শীর্ষক প্রকল্পটির আরডিপিপি একনেক কর্তৃক ২১/০৭/২০১৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রদান করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান হতে যন্ত্রপাতির চূড়ান্ত স্পেসিফিকেশন পাওয়ার পর EPC ঠিকাদার নিয়োগের নিমিত্ত প্যাকেজ-১, প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ এই তিনটি প্যাকেজে ১২-০৬-২০১৭ তারিখে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহ ০৩ বার নন-রেসপনসিভ বিবেচিত হয়। সংস্থার বোর্ডে দরপত্র বাতিলের এবং PIC সভা আহবান করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ১০-০৬-২০১৮ ও ১২-০৭-২০১৮ তারিখে PIC সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় EPC ঠিকাদার নিয়োগের টেন্ডার ডকুমেন্টের কিছু Clause এর সংশোধন/পরিবর্তন করার এবং স্টিয়ারিং কমিটির সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের প্রেক্ষিতে স্টিয়ারিং কমিটির সভা আহবান প্রক্রিয়াধীন হয়েছে। প্রকল্পের মেয়াদ ৩০/০৬/২০১৮ তারিখে শেষ হয়ে যাবে বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ০৫/০৪/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ৪৮৫৬২.০০ লক্ষ টাকা। জুন, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ১৪০১.১১ লক্ষ টাকা। বাস্তব অগ্রগতির হার ১৭%।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন ২০১৮		
২১.	মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলেটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস্ মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি – ফেজ-২।		বিএসটিআই	-	বাস্তবায়িত		
২২.	মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন।		বিএসটিআই	-	বাস্তবায়িত		
২৩.	শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।	১২/০৪/২০০৯ খ্রি.	শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা	**শিল্প মন্ত্রণালয় :** শিল্প মন্ত্রণালয়ের সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ২৩টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৫টি, অফিস সহায়ক ১৭টি এবং	চলমান প্রক্রিয়া		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				ক্যাশিয়ার ১টি মোট ৪৬টি শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে গত ০৩/০৯/১৮ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ও অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে পত্র লেখা হয়েছে। **বিসিআইসি :** টেকনিক্যাল ক্যাডারে ০৪ টি ক্যাটাগরিতে ৬১ জন কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে ৩৪ জনকে নির্বাচিত করে ২০ মার্চ, ২০১৮খ্রি. তারিখ ফলাফল প্রকাশ হয়েছে। মেডিকেল ফিটনেস এবং পুলিশ ভেরিফিকেশন শেষে চূড়ান্ত নিয়োগপত্র প্রদান করা হবে। নন-টেকনিক্যাল ক্যাডারে ০৮টি ক্যাটাগরিতে মোট ১৫৬ (একশত ছাপ্পান্ন) জন কর্মকর্তা নিয়োগে মহামান্য হাইকোর্ট এর স্থগিতাদেশ রয়েছে। বিষয়টি বিচারাধীন থাকায় মহামান্য হাইকোর্ট এর চূড়ান্ত নির্দেশনার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। **বিসিক :** বিসিকের অনুমোদিত পদ সংখ্যা ২৪১০। তন্মধ্যে কর্মরত পদ সংখ্যা ১৫৪৮টি। তন্মধ্যে কর্মকর্তা ১৯৪৭ জন এবং কর্মচারী ১৪৬৩ জন। বর্তমানে কর্মকর্তাদের নিয়োগযোগ্য শূন্য পদ সংখ্যা ২২৩টি। সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের ১০% সংরক্ষিত হিসেবে ৬৩টি পদ সংরক্ষিত আছে। শূন্যপদে নিয়োগ প্রক্রিয়াধীন। ৩য় ও ৪র্থ শ্রেণির বিভিন্ন পদে নিয়মিত/আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া চলমান আছে। **বিটাক :** বিটাকের ১ম শ্রেণির ০১টি, ২য় শ্রেণির ০৪টি ও ৩য় শ্রেণির ১৪টি শূন্য পদ পূরণের লক্ষ্যে গত ১২/০১/২০১৮ তারিখ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গত ১৫-১৭ এপ্রিল, ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই নিয়োগ পত্র প্রেরণ করা হবে। এছাড়া, ৩৭ টি শূন্য পদের বিপরতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন সংগ্রহ করা হয়েছে। **বিএসএফআইসি :** আর্থিক সংকটের কারণে বিএসএফআইসি-র শূণ্য পদে জনবল নিয়োগের বিষয়টি অনিষ্পন্ন রয়েছে। **ডিপিডিটি :** এক্সামিনারের ০২ টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় থেকে ক্যাশিয়ার ও ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে ছাড়পত্র পাওয়ায় নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। The Computer Personnel (Government Organisations) Recruiment Rules, 1985 (Amendment 1995) এবং The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 এর কার্যকারিতা বর্তমানে না থাকায় এর অধীনে নিয়োগযোগ্য পদসমূহে			

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				নিয়োগ স্থগিত রয়েছে। **বিএসটিআই :** বিএসটিআই-তে মোট ২০৯টি বিভিন্ন পদ শূন্য রয়েছে। উক্ত পদের মধ্যে সরাসরি পূরণযোগ্য ৭৭টি পদে জনবল নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। **বিএসইসি :** ১ম ও ২য় শ্রেণির ৭১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে গত ২২/০১/২০১৮ তারিখে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। শীঘ্রই নিয়োগ কমিটির সভা আহ্বান করা হবে। **বিএবি** শূন্যপদগুলো কি প্রক্রিয়ায় পূরণ করা যায় সে বিষয়ে গত ২৫/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় বিষয়টি আলোচিত হয় এবং পুরাতন আবেদনগুলো বাতিলপূর্বক নতুন করে টেলিটকের মাধ্যমে অনলাইন ভিত্তিক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। **এনপিও :** এনপিও'র ৩য় শ্রেণির ০১টি পদের জন্য আবেদন পত্র গ্রহণ করা হয়েছে, ০৬টি পদের জন্য বিজ্ঞিপ্তি প্রদান করা হবে। ৪র্থ শ্রেণির০২টি পদের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে। ০৩টি পদের জন্য বিজ্ঞিপ্তি প্রদান করা হবে। **বিআইএম :** বিআইএম এর রাজস্ব খাতভুক্ত ০৯ ক্যাটাগরীতে ১৮টি শূন্য পদে সরাসরি নিয়োগ মহামান্য সুপ্রীম কোর্ট এর হাই কোর্ট ডিভিশন কর্তৃক৬ মাসের স্থগিতাদেশের প্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া আপাততঃ বন্ধ আছে। **বয়লার :** প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে৩০টি অনুমোদিত পদের মধ্যে কর্মরত ২৪ জন। শূন্য পদের সংখ্যা ০৬টি যার মধ্যে ১ম শ্রেণি ২টি, ৩য় শ্রেণি ৩টি, ৪র্থ শ্রেণি১টি। তন্মধ্যে প্রথম শ্রেণির ২টি, উপ-প্রধান বয়লার পরিদর্শক ও বয়লার পরিদর্শক এর পদ পূরণের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। এছাড়া বয়লার টেকনিশিয়ান এর ২টি শূন্য পদ পূরণের জন্য ০৩ বার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পরও যোগ্য প্রার্থী পাওয়া যায়নি। নিয়োগবিধি সংশোধন সাপেক্ষে শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে। উচ্চমান সহকারীর পদ পূরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।		১টি গাড়ি কম থাকায় গাড়ি চালকের একটি পদ পূরণ করা যাচ্ছে না।	
২৪.	নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ।		বিএবি		বাস্তবায়িত		
২৫.	সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা-জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।	১২/০৪/২০০৯ খ্রি.	শিল্প মন্ত্রণালয়/ বিএসইসি ও অন্যান্য দপ্তর/সংস্থা	**বিএসইসি :** বিএসইসি'র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ	চলমান প্রক্রিয়া		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ জ্ঞাপন করা হচ্ছে। সরকারি বিভিন্ন সংস্থা/দপ্তর থেকে বিএসইসি'র শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্যের মূল্য তালিকা ও ক্যাটালগ চেয়ে বিএসইসিকে পত্র প্রেরণ করছে। বিএসইসিও উক্ত চাহিদানুযায়ী পণ্যের মূল্য তালিকা ও ক্যাটালগ সংশ্লিষ্ট দপ্তরে সরবরাহ করছে। সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (Direct Procurement Method) বিএসইসি'র অধীন প্রতিষ্ঠানসমূহের পন্য বিক্রয় হচ্ছে। বহি:বিশ্বে বাজার অন্বেষণ ও পণ্য রপ্তানির জন্য ইতোমধ্যে Commercial Councillor দের নিকট ২৮/০৫/২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ-এর কারখানায় উন্নত মানের পাজেরো জীপ বাণিজ্যিকভাবে উৎপাদন ও বাজারজাত করা হচ্ছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে মাহিন্দ্র ডাবল কেবিন পিকআপ সংযোজন/উৎপাদনের পাশাপাশি আগষ্ট/২০১৮ মাসে ২০টি পাজেরো জীপ সংযোজন/উৎপাদন করা হয়েছে। আগষ্ট/২০১৮ মাসে ৪টি পাজেরো জীপ বিক্রয় করা হয়েছে। সিডান কার দেশে স্থানীয়ভাবে তৈরীর লক্ষ্যে প্রাথমিকভাবে সংযোজনের নিমিত্ত মিৎসুবিসি মটরস করপোরেশনের সাথে গত ০৯-০২-২০১১ তারিখে একটি সমঝোতা স্বারক স্বাক্ষরিত হয়। মিৎসুবিসি মটরস করপোরেশন কর্তৃক বাংলাদেশের উপযোগী ও সাশ্রয়ী মূল্যের মধ্যে একটি মডেল নির্বাচন করা হয়েছিল। তবে এটির মূল্য ক্রেতা সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার নিমিত্ত এনবিআর বরাবর শুল্ক-হ্রাসের প্রস্তাব করা হয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ ট্যারিফ কমিশনের চাহিদা মোতাবেক উক্ত সিডান কারের যন্ত্রাংশের তালিকা ও মূল্য প্রেরণের অনুরোধ জানালেও অদ্যাবধি মিৎসুবিসি মটরস করপোরেশন কোন তালিকা সরবরাহ করেনি। **বিএসএফআইসি :** চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষিদের মধ্যে বিতরণ করা হয়। পদ্মা ওয়েল কোং লি. হতে কীটনাশক ক্রয় করা হয়েছে। চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমুহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর এন্ড কোং (বিডি) লি., বিটাক ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত এবং ইস্টার্ণ কেবল হতে বৈদ্যুতিক কেবল, ইস্টার্ণ টিউব, ন্যাশনাল টিউব, বিএসটিআই হতে রি-ফ্যাক্টরিজ সামগ্রী ক্রয় করা হয়। নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে। চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয়			

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				করার জন্য নির্দেশ দেয়া আছে **বিটাক :** বিভিন্ন সরকারি সেক্টর যেমন পিডিবি, গ্যাস সেক্টর, চট্টগ্রাম বন্দর, বাংলাদেশ রেলওয়ে, বিআইডব্লিউটিসি, বিসিআইসি, বিএসইসিসহ অন্যান্য সরকারি/স্বায়ত্ত-শাসিত শিল্প কারখানাসমূহ তাদের চাহিদা অনুযায়ী সকল প্রকার আমদানি বিকল্প যন্ত্রপাতি/যন্ত্রাংশ প্রস্তুত/ মেরামতের কাজ অগ্রাধিকার ভিত্তিতে বিটাক থেকে যাতে করানো হয় সে বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য বিটাককে নির্দেশপ্রদান করা হয়েছে।			
২৬.	এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন।		বিএসইসি	-	বাস্তবায়িত		
২৭.	বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেটকেআন্তর্জাতিক ভাবে গ্রহণযোগ্য করা।	১২/০৪/২০০৯ খ্রি.	বিএসটিআই	বিএসটিআই।বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেট আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করার লক্ষ্যে বিএসটিআই'র ল্যাবরেটরিসমূহে সম্পাদিত পরীক্ষণ প্যারামিটারের মধ্যে ৪১১টি প্যারামিটার Bangladesh Accreditation Board (BAB) হতে আইএসও/আইইসি ১৭০২৫:২০১৫ অনুযায়ী এ্যাক্রিডিটেশন প্রাপ্ত হয়েছে। পাশাপাশি ১৪টি পণ্যের অনুকূলে বিএসটিআই হতে প্রদত্ত গুনগত মান সনদকে National Accreditation Board for certification Body (NABCB), India কর্তৃক প্রোডাক্ট সার্টিফিকেশনের আন্তর্জাতিক মান আইএসও/আইইসি ১৭০৬৫:২০১২ অনুযায়ী এ্যাক্রিডিটেশন প্রদান করা হয়েছে। এ প্রক্রিয়া অব্যাহত আছে	চলমান প্রক্রিয়া		
২৮.	বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার।			-	বাস্তবায়িত		
২৯.	হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্ম সংস্থান সৃষ্টি।			-	বাস্তবায়িত		
৩০.	বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।			-	বাস্তবায়িত		
৩১.	মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmacuticals Ingredients (API) শিল্প পার্ক স্থাপন।	১২/০৪/২০০৯ খ্রি.	বিসিক	মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলাধীন বাউসিয়া এলাকায় ২০০.১৬ একর জমির উপর এপিআই শিল্পপার্ক প্রকল্প স্থাপিত হয়েছে। উক্ত শিল্পপার্কে ২৭টি শিল্প প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত ৪১টি প্লটের পজিশন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বুঝে নিয়েছে। ৪১টি প্লটে শিল্প প্রতিষ্ঠান নির্মাণ বিষয়ে প্রয়োজনীয় ড্রইং ডিজাইন ও ডকুমেন্ট নির্ধারিত১৮০ দিনের মধ্যে জমা দিয়ে কাজ শুরু করবে বলে বিএপিআই জানিয়েছে। কিন্তু প্রায় ০১ বছর অর্থাৎ ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিন অতিবাহিত হয়েছে; তাঁরা ড্রইং, ডিজাইন জমা দেয়নি। এ বিষয়ে তাগিদ	বাস্তবায়নাধীন মেয়াদ জুন ২০২০		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশন	নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪		৬	৭	৮
				দেয়া হয়েছে। প্রকল্পের অবশিষ্ট কাজ বাস্তবায়নাধীন। জুলাই ১৮ পর্যন্ত প্রকল্পের সর্ব মোট ব্যয়২৩১০৯.৫৬ লক্ষ টাকা। অগ্রগতির হার ৬১%।			
৩২.	চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ।	১২/০৪/২০০৯ খ্রি.	বিসিক	চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে।চামড়া ও চামড়াজাত শিল্পের বিকাশে হাজারীবাগস্থ ট্যানারি শিল্প সাভারস্থ চামড়া শিল্পনগরীতে স্থানান্তর কার্যক্রম অধিকাংশ সম্পন্ন হয়েছে এবং এ পর্যন্ত১১১টি ট্যানারী প্রতিষ্ঠান উৎপাদন কাজ শুরু করেছে। উক্ত কারখানাগুলোর তরল বর্জ্য নির্মিত কেন্দ্রীয় শোধনাগার এর৪টি মডিউল দ্বারা পরীক্ষামূলক পরিশোধন হচ্ছে। জুন ২০১৮ পর্যন্ত বাস্তব অগ্রগতি৬৯.৫০% ও আর্থিক অগ্রগতি৬৭%।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন ২০১৯		
৩৩.	মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন।			-	বাস্তবায়িত		
৩৪.	রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ।	১২/০৪/২০০৯ খ্রি.		বন্ধ কল কারখানা চালুর বিষয়ে নির্দেশনার ক্রমিক নং ৪৪ এ অগ্রগতি বর্ণিত আছে। নির্দেশনাটি বাস্তবায়িত হিসাবে গণ্য করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট হতে বাদ দেয়ার বিষয়ে গত ২৪/৭/২০১৮ খ্রি. তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়েপত্র প্রেরণ করা হয়।	অপেক্ষমান		
